১০ বছর জেল হতে পারে সুশান্তের বান্ধবী রিয়ার!

তিন দিন জিজ্ঞাসাবাদের পরে প্রয়াত বলিউড অভিনেতা সুশান্ত সিং রাজপুতের বান্ধবী রিয়া চক্রবর্তীকে গ্রেফতার করে ভারতের নারকোটিক্স কন্ট্রোল বুরো (এনসিবি)। রিয়ার বিরুদ্ধে দাখিল করা চার্জশিটে প্রয়াত অভিনেতাকে মাদক জোগানের অভিযোগ এনেছে এনসিবি। যা প্রমাণিত হলে ১০ বছর পর্যন্ত জেল হতে পারে তার।

তবে রিয়া নিজেও মাদক সেবন করতেন এ রকম কোনো তথ্য পায়নি এনসিবি। মঙ্গলবাল দুপুরে গ্রেফতারের পরে রাতে রিয়াকে ১৪ দিনের বিচারবিভাগীয় হেফাজতে পাঠানো হয়েছে।

গত শুক্রবার এনসিবি গ্রেফতার করেছিল রিয়ার ভাই শৌভিক চক্রবর্তীকে। তার পরেই রিয়াকে জিজ্ঞাসাবাদ শুরু করে এনসিবি। পর পর তিন দিন ধরে চলে জিজ্ঞাসাবাদ। এনসিবি’র দাবি, শৌভিককে সামনে বসিয়ে জিজ্ঞাসাবাদ করতেই ভেঙে পড়েন রিয়া। স্বীকার করে নেন, সুশান্তের জন্য নানা ধরনের মাদক জোগাড় করতেন তিনি।

২৮ বছর বয়সি এই অভিনেত্রীকে হেফাজতে না নিয়ে ১৪ দিনের বিচারবিভাগীয় হেফাজতের আবেদন করে নারকোটিক্স কন্ট্রোল বুরো। তা মঞ্জুর হয়েছে।

ডেপুটি ডিজি মুথা অশোক জৈন জানিয়েছেন, রিয়ার বিরুদ্ধে আমাদের হাতে প্রমাণ রয়েছে। তার ভিত্তিতেই আমরা ওকে গ্রেফতার করেছি। আর তাকে হেফাজতে নেওয়ার দরকার নেই আমাদের।

সূত্র: আনন্দবাজার।

সাদেক বাচ্চু গুরুতর অসুস্থ

গুণী অভিনয়শিল্পী সাদেক বাচ্চু গুরুতর অসুস্থ। তাকে ঢাকা মেডিকেল কলেজে হাসপাতালে ভর্তি করা হয়েছে। গত রবিবার রাতে তাকে জরুরি

ভিত্তিতে হাসপাতালে ভর্তি করা হয়। বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির সাধারণ সম্পাদক চিত্রনায়ক জায়েদ খান বিষয়টি নিশ্চিত করেছেন।

জানা গেছে, গত রবিবার সন্ধ্যা থেকেই অস্বস্তি লাগছিল তার। পরে শ্বাসকষ্ট বাড়তে থাকে। পরে রাতে সাড়ে ১১টায় হাসপাতালে ভর্তি করা হয়। অক্সিজেনের সাহায্য শ্বাস-প্রশ্বাস স্বাভাবিক রাখা হয়েছে। আজ মঙ্গলবার কোভিড-১৯ পরীক্ষার ফলাফল জানার পর মূল চিকিৎসা শুরু হবে।

সাদেক বাচ্চু বেশ কিছুদিন ধরে অভিনয়ে অনিয়মিত। পাঁচ দশকের লম্বা ক্যারিয়ারে মঞ্চে, বেতারে, টিভিতে, সিনেমায়, সর্বত্র দাপুটে বিচরণ ছিল তার। নব্বই দশকে এহতেশামের ‘চাঁদনী’ ছবিতে অভিনয়ের পর সাদেক বাচ্চু জনপ্রিয়তা পান খলনায়ক হিসেবে।

তার উল্লেখযোগ্য চলচ্চিত্রের মধ্যে রয়েছে ‘জজ ব্যারিস্টার পুলিশ কমিশনার’, ‘জীবন নদীর তীরে’, ‘জোর করে ভালোবাসা হয় না’, ‘তোমার মাঝে আমি’, ‘ঢাকা টু বোম্বে’, ‘ভালোবাসা জিন্দাবাদ’, ‘এক জবান’, ‘আমার স্বপ্ন আমার সংসার’, ‘মন বসে না পড়ার টেবিলে’, ‘বধূবরণ’, ‘ময়দান’, ‘আমার প্রাণের স্বামী’, ‘আনন্দ অশ্রু’, ‘প্রিয়জন’, ‘সুজন সখি’ ইত্যাদি।

সূত্র- বিডি প্রতিদিন

ঐশ্বরিয়াকে প্রকাশ্যে ‘প্লাস্টিক সুন্দরী’ বলেছিলেন ইমরান হাশমি

বলিউডে ‘সিরিয়াল কিসার’ নামে পরিচিত অভিনেতা ইমরাম হাশমি। ইন্ডাস্ট্রিতে আসার পরে খুব অল্প সময়ে জনপ্রিয় হন তিনি। প্রথম থেকেই তার ছবি ছিল ছক ভাঙা ধরনের। ছবির বিষয়বস্তু যাই হোক না কেন, তা চর্চার শীর্ষে থাকত। এক সময়ে পর পর ছবিতে চুম্বনের

দৃশ্যে অভিনয় করে ঝড় তুলেছিলেন তিনি।

ইমরান হাশমি মানেই সেই ছবিতে বোল্ড দৃশ্য। বলিউডের ছবিতে মল্লিকা শেরাওয়াত, জ্যাকুলিন ফার্নান্দেজ, তনুশ্রী দত্তসহ বহু নামী নায়িকাকে চুমু খেয়েছেন তিনি। এ কারণে তাঁর কপালে লেগে গেছে ‘সিরিয়াল কিসার’ তকমা। আর সেই ইমরানের সঙ্গে ছবির প্রস্তাব একবার ফিরিয়ে দিয়েছিলেন অভিনেত্রী ঐশ্বরিয়া রাই। জানা যায়, ইমরান হাশমির নাম শুনেই ক্ষিপ্ত হয়ে উঠেছিলেন ঐশ্বর্য। এর পিছনে ছিল একটি বিশেষ কারণ।

পরিচালক মিলন লুথরা তার নতুন ছবির জন্য ঐশ্বরিয়াকে ভেবেছিলেন। অজয় দেবগনকে ছবিটির নায়ক হিসেবে ভেবেছিলেন। সেই মতোই মিলন লুথরা ঐশ্বরিয়াকে ছবির নায়িকার ভূমিকায় অভিনয় করার প্রস্তাবও দিয়েছিলেন। মহারানী গায়ত্রী দেবীর ভূমিকায় ঐশ্বরিয়াকে ভেবে রেখেছিলেন পরিচালক। কিন্তু সেই প্রস্তাব পেয়েই তিনি না করে দিয়েছিলেন। কারণ ছবিতে ইমরান হাশমিরও থাকার কথা ছিল। এমনকি বেশ কিছু দৃশ্যে এক স্ক্রিনে ঐশ্বরিয়া ও ইমরানের থাকার কথা ছিল। আর এই শুনেই পরিচালককে না বলে দিয়েছিলেন সাবেক এই বিশ্ব সুন্দরী।

ইমরানের সঙ্গে নাকি ঐশ্বরিয়ার সম্পর্ক তখন একদমই ভালো ছিল না। এর পিছনেও রয়েছে আরও একটি ঘটনা। করণ জোহরের জনপ্রিয় শো কফি উইথ করণ-এ ক্যুইজের র্যাপিড ফায়ার রাউন্ডে ঐশ্বরিয়াকে প্লাস্টিক সুন্দরী হিসেবে মনে করেন বলে জানিয়েছিলেন ইমরান হাশমি। এখান থেকেই সমস্যার সূত্রপাত। ইমরানের এমন মন্তব্য শুনে বেজায় চটেছিলেন অ্যাশ। আর তাই ইমরান রয়েছেন জেনে সেই ছবি ফিরিয়ে দিয়েছিলেন তিনি।

সূত্র- বিডি-প্রতিদিন

নেটফ্লিক্সে বিনামূল্যে দেখা

যাবে ১০ সিনেমা-সিরিজ!

বিশ্বজুড়ে তাণ্ডব চালাচ্ছে করোনাভাইরাস। ঘরবন্দি জীবন কাটাচ্ছেন সিংহভাগ মানুষ। অনেকের কাছেই ঘরবন্দি এই জীবন হয়ে উঠেছে চরম অস্বস্তিকর। এমন সময় সুখবর দিচ্ছে অনলাইন প্লাটফর্ম নেটফ্লিক্স। প্লাটফর্মটি সিরিজ ও সিনেমা মিলিয়ে ১০টি কনটেন্ট একদম ফ্রি করে দিয়েছে।

‘ওয়াচ ফ্রি’ লিস্টে যা যা আছে:

বার্ড বক্স (থ্রিলার জাতীয় সিনেমা)

দ্য বস বেবি: ব্যাক ইন বিজনেস (সিরিজ)

এলিট (সিরিজ)

গ্রেস অ্যান্ড ফ্রাঙ্কি (সিরিজ)

লাভ ইজ ব্লাইন্ড (সিরিজ)

মার্ডার মিস্ট্রি (সিনেমা)

আওয়ার প্ল্যানেট (সিরিজ)

স্ট্রেঞ্জার থিংস (সিরিজ)

দ্য টু পোপস (সিনেমা) ও

হোয়েন দে সি আস (সিরিজ)

গেজেটস থ্রি সিক্সটিকে দেওয়া এক সাক্ষাৎকারে নেটফ্লিক্সের মুখপাত্র বলেছেন, ‘আমরা নেটফ্লিক্স পরিবারকে আরও বড় করতে বিভিন্ন প্রচারণার কৌশলগুলো ঝালিয়ে দেখছি। সিনেমাগুলো পুরোটাই দেখা যাবে। তবে সিরিজগুলোর কেবল প্রথম এপিসোডগুলো দেখা যাবে। আশা করি, দর্শক প্রথম এপিসোড দেখে বাকিগুলোও দেখতে চাইবেন। আর আমাদের পরিবারকে আরও বড় করবেন। আর এগুলো দেখার জন্য আপনাকে কোথাও সাইনআপ বা লগইন করতে হবে না। কেবল দুটো ক্লিকই যথেষ্ট।’

বাংলাদেশ থেকে এই কনটেন্টগুলো দেখা যাবে https://www.netflix.com/bd/watch-free এই ঠিকানায়।

সালমান শাহ চলে যাওয়ার ২৪ বছর, আজও ভুলতে পারে না ভক্তরা

১৯৯৬ সালের ৬ই সেপ্টেম্বর দিনটি ছিল শুক্রবার। ঠিক আজকের মতোই এমনই এক সেপ্টেম্বরে বাংলাদেশের শোবিজ অঙ্গনই নয়, সাধারণ মানুষের মনকেও আকস্মিক এক খবরে হতবাক করে দেয়। সালমান চলে যান না ফেরার দেশে।

১৯৯৩ সালে ‘কেয়ামত থেকে কেয়ামত’র সিনেমার মাধ্যমে চলচ্চিত্রে আত্মপ্রকাশ করেন সালমান শাহ। সোহানুর রহমান সোহান পরিচালিত ওই সিনেমাতে তার সঙ্গে নায়িকা হিসেবে ছিলেন নবাগত মৌসুমী। প্রথম সিনেমার পরই দর্শকদের কাছে ব্যাপক জনপ্রিয় হয়ে ওঠেন সালমান।

মৌসুমী, শাবনূর, শাবনাজ, শাহনাজ, লিমা আরো অনেক নায়িকার সঙ্গেই জুটি হয়েছিলেন সালমান। সালমান শাহ অভিনীত ছবির মধ্যে অন্যতম-কেয়ামত থেকে কেয়ামত, তুমি আমার, অন্তরে অন্তরে, সুজন সখী, বিক্ষোভ, দেনমোহর, বিচার হবে, এই ঘর এই সংসার, আনন্দ অশ্রু। তার অভিনীত প্রতিটি সিনেমাই ব্যবসায়িক সফলতা পেয়েছিল।

১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর রহস্যজনকভাবে মৃত্যু হয় সালমানের। এটি খুন নাকি আত্মহত্যা সেটি আজও রহস্যই রয়ে গেছে। যদিও সর্বশেষ পিবিআইয়ের প্রতিবেদন বলছে পারিবারিক কলহে সালমান আত্মহত্যা করেছেন। তবে মৃত্যুর এত বছর পরেও তার জনপ্রিয়তার একটুও কমেনি। দিন যাচ্ছে, বছর যাচ্ছে সালমান ততই যেন জনপ্রিয় হচ্ছেন চলচ্চিত্রপ্রেমীদের কাছে।

আজকের মতো সেদিন সকাল সাতটায় বাবা কমর উদ্দিন চৌধুরী ছেলে শাহরিয়ার চৌধুরী ইমনের সঙ্গে দেখা করতে ইস্কাটনের বাসায় যান। কিন্তু ছেলের দেখা না পেয়ে তিনি ফিরে আসেন। শাহরিয়ার চৌধুরী ইমন ঢাকার তৎকালীন সিনেমা জগতের সুপারস্টার সালমান শাহ। সেদিনের ঘটনার বর্ণনা দিতে গিয়ে সালমান শাহ’র মা নীলা চৌধুরী বলেন,

বাসার নিচে দারোয়ান সালমান শাহ’র বাবাকে তাঁর ছেলের বাসায় যেতে দিচ্ছিল না।

নীলা চৌধুরীর বর্ণনা ছিল এ রকম, বলেছে স্যার এখনতো উপরে যেতে পারবেন না। কিছু প্রবলেম আছে। আগে ম্যাডামকে (সালমান শাহ’র স্ত্রীকে) জিজ্ঞেস করতে হবে। এক পর্যায়ে উনি (সালমান শাহ’র বাবা) জোর করে উপরে গেছেন। কলিং বেল দেবার পর দরজা খুললো সামিরা (সালমান শাহ’র স্ত্রী)।

উনি (সালমান শাহ’র বাবা) সামিরাকে বললেন ইমনের (সালমান শাহ’র ডাক নাম) সাথে কাজ আছে, ইনকাম ট্যাক্সের সই করাতে হবে। ওকে ডাকো। তখন সামিরা বললো, আব্বা ওতো ঘুমে। তখন উনি বললেন, ঠিক আছে আমি বেডরুমে গিয়ে সই করিয়ে আনি। কিন্তু যেতে দেয় নাই। আমার হাজব্যান্ড প্রায় ঘণ্টা দেড়েক বসে ছিল ওখানে।

বেলা এগারোটার দিকে একটি ফোন আসে সালমান শাহ’র মা নীলা চৌধুরীর বাসায়। ঐ টেলিফোনে বলা হলো, সালমান শাহকে দেখতে হলে তখনই যেতে হবে।

টেলিফোন পেয়ে নীলা চৌধুরী দ্রুত ছেলে সালমান শাহ’র বাসার দিকে রওনা হয়েছিলেন। তবে সালমানের ইস্কাটনের বাসায় গিয়ে ছেলে সালমান শাহকে বিছানার ওপর দেখতে পান নীলা চৌধুরী। ‘খাটের মধ্যে যেদিকে মাথা দেবার কথা সেদিকে পা। আর যেদিকে পা দেবার কথা সেদিকে মাথা। পাশেই সামিরার (সালমান শাহ’র স্ত্রী) এক আত্মীয়ের একটি পার্লার ছিল। সে পার্লারের কিছু মেয়ে ইমনের হাতে-পায়ে সর্ষের তেল দিচ্ছে। আমি তো ভাবছি ফিট হয়ে গেছে।’

‘আমি দেখলাম আমার ছেলের হাতে পায়ের নখগুলো নীল। তখন আমি আমার হাজব্যান্ডকে বলেছি, আমার ছেলে তো মরে যাচ্ছে,” বিবিসি বাংলাকে বলছিলেন নীলা চৌধুরী। ইস্কাটনের বাসা থেকে সালমান শাহকে হলি ফ্যামিলি হাসপাতালে নেয়া হলে সেখানকার ডাক্তাররা তাকে মৃত ঘোষণা করে। এরপর ঢাকা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ময়না তদন্ত শেষে বলা হয় সালমান শাহ আত্মহত্যা করেছে।

সালমান শাহ’র চলে যাওয়ার ২৪ বছর হয়ে গেলে। এই এতো বছর পরেও ভক্তরা ভুলতে পারেন না তাঁকে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সূত্র- বিডি প্রতিদিন

জয়া আহসানের নতুন ছবি ‘ছেলেধরা’

‘সোয়েটার’, ‘হৃদপিণ্ড’-এর সাফল্যের পর কলকাতার পরিচালক শিলাদিত্য মৌলিক আনছেন তার তৃতীয় ছবি। শিলাদিত্য মৌলিকের তৃতীয় ছবির নাম ‘ছেলেধরা’। যে ছবির কেন্দ্রীয় ভূমিকায় দেখা যাবে জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসানকে। আরও থাকবেন অনুরাধা মুখোপাধ্যায়, প্রান্তিক বন্দ্যোপাধ্যায় ও ঈশান মজুমদাররা।

জানা গেছে, ‘ছেলেধরা’তে উঠে আসবে একজন অ্যালকোহলিক মা ও মেয়েকে অপহরণের গল্প। দেখা যাবে, অপহৃত হওয়ার পর থেকেই অপহরণকারীর ছেলেকে নিজেদের নাগালের মধ্যে পেতে চান ওই অ্যালকোহলিক নারী। অবশেষে সেটা সম্ভবও হয়। নিজের ছেলেই যখন অপহরণের শিকার, তখন অপহরণকারীর ঠিক কী অনুভূতি হতে পারে? এই পটভূমির ওপরই তৈরি হচ্ছে ‘ছেলেধরা’।

পরিচালক শিলাদিত্য মৌলিক ভারতীয় গণমাধ্যমকে বলেন, ছেলেধরা পিতৃত্ব ও শৈশব নিয়ে তৈরি একটি গল্প। এখানে যে শুধুমাত্র অপহরণ আর অপরাধের কাহিনি উঠে আসবে, এমনটা নয়। অপহরণের মধ্যে দিয়ে কিছু মানুষের জীবন কীভাবে আবর্তিত হবে, তাদের ব্যক্তিগত দুর্বলতার কথা তারা কীভাবে বুঝতে পারবেন, সেগুলো এই ছবিতে দেখানো হবে।

সূত্র- বিডি-প্রতিদিন

কারও ক্ষমতা থাকলে আমাকে আটকে দেখান : কঙ্গনা

মুম্বাইতে থাকলে ‘পাকিস্তান অধিকৃত কাশ্মীরের’ মতো অনুভূতি হচ্ছে। মুম্বাইতে থেকে নিরাপত্তার অবাধবোধ করা এবং সে রাজ্যের পুলিশের উপর আস্থা রাখতে পারছেন না বলে সম্প্রতি টুইট করেন কঙ্গনা রানাউত। বলিউড অভিনেত্রীর ওই মন্তব্যের পর ক্ষিপ্ত হয়ে ওঠে শিবসেনা।

শিবসেনার মুখপাত্র সঞ্জয় রাউত একহাত নেন কঙ্গনাকে। তিনি বলেন, মুম্বাই পুলিশকে কার্যত অপমান করছেন বলিউড অভিনেত্রী। বলিউডের সঙ্গে মাদক কারবারীদের সম্পর্ক রয়েছে বলে কঙ্গনার হাতে যদি কোনও তথ্য প্রমাণ থাকে, তাহলে তিনি যেন থানায় গিয়ে অভিযোগ দায়ের করেন। সঞ্জয় রাউতের ওই মন্তব্যের পর ফের তেড়ে ওঠেন বলিউড ‘কুইন’।

গতকাল শুক্রবার (৪ সেপ্টেম্বর) নিজের টুইটার হ্যান্ডেলে টুইট করেন কঙ্গনা রানাউত। কঙ্গনা বলেন, তার মুম্বাইতে ফেরা নিয়ে অনেকে অনেক ধরনের হুমকি দিতে শুরু করেছেন। আগামী সপ্তাহের ৯ সেপ্টেম্বর তিনি মুম্বাইতে ফেরার পরিকল্পনা করেছেন। মুম্বাই বিমানবন্দরে তিনি কখন নামবেন, তা টুইট করে জানিয়ে দেবেন। কারও ক্ষমতা থাকলে, তাকে যেন আটকানো হয় বলেও কড়া হুঁশিয়ারি দিতে দেখা যায় এই অভিনেত্রীকে।

প্রসঙ্গত, মুম্বাইতে থেকে পাকিস্তান অধিকৃত কাশ্মীরের মতো অনুভূতি হচ্ছে। কঙ্গনার ওই মন্তব্যের পর তার সমালোচনা শুরু করেন বি টাউনের একাধিক তারকা। রিতেশ দেশমুখ থেকে শুরু করে দিয়া মির্জা, স্বরা ভাস্কর, প্রত্যেকে কঙ্গনার মন্তব্যের বিরোধিতা করেন। মুম্বাইতে থেকে, সেখান নাম, যশ, প্রতিপত্তি করার পর কঙ্গনা কীভাবে ওই শহরের বিরুদ্ধে মন্তব্য করতে পারেন, তা নিয়ে প্রশ্ন তোলেন তারকারা।

সূত্র- বিডি-প্রতিদিন

করোনায় আক্রান্ত রবার্ট প্যাটিনসন

করোনায় আক্রান্ত হলেন হলিউড অভিনেতা রবার্ট প্যাটিনসন। ছয় মাস বন্ধ থাকার পর লন্ডনে ‘দ্য ব্যাটম্যান’ ছবির শুটিং শুরু করেন প্যাটিনসন। শুটিং শুরু হওয়ার মাত্র কয়েক দিনের মধ্যেই করোনা আক্রান্ত হয়েছেন এরপর ‘দ্য ব্যাটম্যান’ ছবির শুটিং বন্ধ রাখা হয়েছে।

এদিকে, ওয়ার্নার ব্রস এক বিবৃতিতে বলেছে, তারা কোনও কর্মীর ব্যক্তিগত স্বাস্থ্যের বিষয়ে কোনও মন্তব্য করবে না। তবে ব্যাটম্যান প্রোডাকশনের একজন সদস্য করোনায় আক্রান্ত হয়েছেন এবং নির্দেশিকা অনুসারে কোয়ারেন্টাইনে যাচ্ছেন। তাকে সাময়িকভাবে বিরতি দেওয়া হয়েছে।

ক্রিশ্চিয়ান বেল, বেন অ্যাফ্লেক, মাইকেল কীটন, জর্জ ক্লুনির মতো তারকাদের পর এবার প্রথম ব্যাটম্যান হিসেবে পর্দায় হাজির হচ্ছেন রবার্ট প্যাটিনসন। ম্যাট রীভস পরিচালিত সিনেমাটি আগামী বছর জুনে মুক্তির কথা ছিল। কিন্তু করোনা মহামারির কারণে তা পিছিয়ে অক্টোবরে মুক্তি পাবে।

সৌরভ গাঙ্গুলির বায়োপিক তৈরির পরিকল্পনা ছিল সুশান্তের

যত দিন যাচ্ছে, তত জটিল হচ্ছে সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর তদন্ত। ভারতের সিবিআইয়ের পাশাপাশি সুশান্তের মৃত্যুর তদন্তে একের পর এক জিজ্ঞাসাবাদ করছে দেশটির এনফোর্সমেন্ট ডিরোক্টরেটও। সম্প্রতি জিজ্ঞাসাবাদের জন্য ইডির দফতরে হাজির হন সুশান্তের

ব্যবসায়ীক সহযোগী বরুণ মাথুর।

ইডির জিজ্ঞাসাবাদের সময় বরুণ মাথুর জানান, ভারতের সাবেক অধিনায়ক সৌরভ গাঙ্গুলির বায়োপিক তৈরি করতে চেয়েছিলেন সুশান্ত সিং রাজপুত। পাশাপাশি আরও বেশ কয়েকটি নতুন ধরার ছবি তৈরির পরিকল্পনা ছিল তার। বিশেষ করে ভারতীয় ইতিহাসের উপর নির্ভর করে বিভিন্ন ধরনের ছবি তৈরির পরিকল্পনা করেছিলেন সুশান্ত।

বরুণ মাথুরের সঙ্গে সুশান্ত সিং রাজপুত একটি নতুন কোম্পানি শুরু করেন। যদিও নতুন ওই কোম্পানি শুরু করার এক বছরের মধ্যেই অর্থাত ২০১৯ সালে তা বন্ধ হয়ে যায়। কী কারণে সুশান্তের ওই কোম্পানির বন্ধ হয়ে যায় সে বিষয়ে অবশ্য কিছু জানা যায়নি।

এদিকে, সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর তদন্তে সিবিআই এবং ইডির পাশাপাশি জোর কদমে কাজ করছে নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোও। মুম্বাই জুড়ে তল্লাসি শুরু করেছে এনসিবি। মুম্বাইয়ের পাশাপাশি গোয়াতেও চলছে এনসিবির তল্লাসি পর্ব। প্রয়াত অভিনেতার বিশেষ বান্ধবী রিয়া চক্রবর্তী এবং তার ভাই সৌভিক চক্রবর্তীর কী ধরনের লেনদেন হত মাদক পাচারকারীদের সঙ্গে, সে বিষয়ে শুরু হয়েছে খোঁজ খবর।